দৈনিক ইত্তেফাক

23

তারিখ … DEC 1996
পৃষ্ঠা … কলাম …

# রবিবারের হরতাল প্রত্যাহারের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ বিএনপি আহূত আগামীকাল রবিবার-এর দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতাল প্রত্যাহারের জন্য গতকাল (শুক্রবার) বিভিন্ন সংস্থা বিবৃতি দিয়াছে। এদিকে রবিবার পূর্ব নির্ধারিত

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## প্রত্যাহারের আহ্বান

(শেষ পৃঃ পর)

ডিগ্রী পরীক্ষা ও প্রাইমারী বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। হরতাল থাকার কারণে পরীক্ষার্থীদের দূর-দূরান্ত হইতে পরীক্ষা কেন্দ্রে যাওয়া খুবই দুষ্কর হইয়া পড়িবে। হরতালের প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন করিয়া বিভিন্ন সংস্থা ও সংগঠন হইতে বিবৃতি প্রদান করা হইয়াছে। বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সভাপতি প্রফেসর ডঃ ম. আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান এক যুক্ত বিবৃতিতে যে কোন সামান্য রাজনৈতিক মতভেদ নিরসনের একমাত্র উপায় হিসাবে কথায় কথায় হরতাল ডাকার প্রবণতার নিন্দা করিয়াছেন। তাহারা ডিগ্রী পরীক্ষা ও প্রাইমারী বৃত্তি পরীক্ষার মত জাতীয় গুরুত্বপূর্ণ ঘটনারও তোয়াক্কা না করিয়া একটি রাজনৈতিক দল কর্তৃক আগামীকাল হরতাল ডাকাকে অবিবেচনাপ্রসূত কাজ বলিয়া উল্লেখ করিয়াছেন এবং হরতাল প্রত্যাহার করার জন্য তাঁহারা সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাইয়াছেন। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন-এর চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, ভাইস চেয়ারম্যান অধ্যক্ষ এ,কে,এম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আলী আকবর খান, মহাসচিব প্রফেসর কাজী ফারুক আহমেদসহ ৪৮ জন কেন্দ্রীয় নেতা এক যুক্ত বিবৃতিতে ডিগ্রী পরীক্ষা, প্রাইমারী বৃত্তি পরীক্ষা, স্কুল-কলেজে বার্ষিক পরীক্ষা চলার কারণে হরতাল প্রত্যাহারের জন্য রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানাইয়াছেন। তাঁহারা বিবৃতিতে বলেন, দেশের অধিকাংশ ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠানের রুটিন এমনভাবে বিন্যস্ত করা হইয়াছে যে, কোনভাবেই তারিখ পরিবর্তন করা সম্ভব নহে। বাংলাদেশ সরকারী মাধ্যমিক সমিতির সভাপতি মতিউর রহমান ও মহাসচিব শামসুল হক এক বিবৃতিতে ছাত্র-ছাত্রীদের পরীক্ষার কথা চিন্তা করিয়া হরতাল প্রত্যাহারের জন্য রাজনৈতিক দলের প্রতি আহবান জানান। জাতীয় রিকশা শ্রমিক লীগ নেতৃবৃন্দ এক বিবৃতিতে বলেন, কোন ইস্যুবিহীন হরতাল করিয়া বঙ্গবন্ধুর খুনীদের রক্ষা করা যাইবে না। নেতৃবৃন্দ হরতালের সময় রিকশা চলাচল অব্যাহত ও স্বাভাবিক রাখার জন্য রিকশা শ্রমিকদের প্রতি আহ্বান জানান। ঢাকা অটোরিকশা শ্রমিক লীগের নেতৃবৃন্দ হরতালের দিন অটো রিকশা চলাচল স্বাভাবিক রাখার জন্য শ্রমিকদের প্রতি আহ্বান জানান। হরতাল চলাকালে কোন অটোরিকশার ক্ষতিসাধন করা হইলে হরতাল আহ্বানকারীদের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হইবে বলিয়া বিবৃতিতে উল্লেখ করা হয়।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশিদ আলম গতকাল এক বিবৃতিতে রবিবারের হরতাল প্রত্যাহারের আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয়, সারাদেশে মাধ্যমিক বিদ্যালয়সমূহে এখন বার্ষিক পরীক্ষাসহ এসএসসি পরীক্ষার ফি গ্রহণ ও ফরম পূরণের প্রক্রিয়া চলিতেছে। অন্যদিকে উচ্চতর পর্যায়ে ডিগ্রী পরীক্ষাও চলিতেছে। এমতাবস্থায় ছাত্র-ছাত্রীদের কথা ভাবিয়া রাজনৈতিক দলগুলির উচিত ১৩ই ডিসেম্বরের হরতাল প্রত্যাহার করিয়া নেওয়া।